

**এমপিওভুক্ত করা নিয়ে  
 বিতর্ক লজ্জাজনক**

-অধ্যাপক মোজাফফর

ঢাকা রিপোর্টার্স এন্ড ন্যাশনাল সভাপতি ওরফে রাষ্ট্রনৈতিক অধ্যাপক মোজাফফর আহমদ বলেছেন, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা নিয়ে বিতর্ক লজ্জাজনক। এ বিষয়ে সর্বশ্রেষ্ঠ সরকার সতর্ক হওয়া দরকার। গতকাল এক বিবৃতিতে তিনি একথা বলেন। তিনি বলেন, পরিষ্কার উল্লেখ করা হয়েছে সুনির্দিষ্ট চারটি শর্তের ভিত্তিতে নতুন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হয়েছে। সেখানে সমাজের সর্বস্তরে দুর্নীতি/বিরাজমান, সেখানে দীর্ঘ প্রতীক্ষিত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান খুঁষ-দুর্নীতি, ছাড়া এমপিওভুক্তকরণের প্রথম ধাপ সম্পন্ন হওয়া দেশের জন্য, রাজনীতির জন্য, আওয়ামী শীপের জন্য, শেখ হাসিনার জন্য পৌরবের বিষয়। শিক্ষামন্ত্রী দুঃখ করে বলেছেন, সতর্কভাবে কাজ করা করিন। তাকে আমাদের পটি তথা প্রগতিশীল নেতাকর্মী তথা আপামর জনসাধারণের পক্ষ থেকে অভিনন্দন জানাই। অধ্যাপক মোজাফফর আহমদ আরও বলেন, এটা সবাই জানে তদবিধ মানে দুর্নীতি, অনিয়ম ও অযোগ্যতাকে প্রতিষ্ঠিত করা। অতীতের মত এবারও একটি দালাল চক্র ও দুর্নীতিগ্রস্ত রাজনৈতিক চক্র শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করার শর্তে যে টাকা-পয়সা নিয়েছে তা ফেরত দিতে হবে কেনে তারাই এখন নিজেদের পীঠ বাঁচাতে শিক্ষামন্ত্রী ও যাইচাই-বাহাই কমিটির বিরুদ্ধে নানা ধরনের অপপ্রচার চালাচ্ছে। তিনি বলেন, ইতোমধ্যে বিভিন্ন ওলা-কায় করা শুভ টাকা নিয়েছে তা আশোচিত হচ্ছে। এদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিলে পর্যায়ক্রমে শিক্ষা ব্যবস্থায় ওপগতমান উন্নয়ন সম্ভব হবে এবং সরকারের ইচ্ছাও বাস্তবে।